# AKASHVANI (AIR)

# RNU : KOLKATA

# Bengali Text Bulletin

**Date 10-06-2025 Time: 7.35 A.M.**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) রাজ্য বিধানসভার অধিবেশনের দ্বিতীয় দিনে আজ অপারেশন সিন্দুরের সাফল্যে ভারতীয় সেনাবাহিনীকে অভিনন্দন জানিয়ে একটি প্রস্তাব আনা হবে।

২) চাকরিতে পুনর্বহালের দাবিতে রাষ্ট্রপতিকে আজ গণ চিঠি পাঠাবেন যোগ্য চাকরিহারা শিক্ষক-শিক্ষিকারা।

৩) নদীয়ার কালিগঞ্জ বিধানসভা আসনের উপনির্বাচনে প্রস্তুতি খতিয়ে দেখতে তিন পর্যবেক্ষকের সঙ্গে বৈঠক করেছে নির্বাচন কমিশন।

৪) করোনা নিয়ে আতঙ্কের কোনো কারণ নেই বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন।

৫) রাজ্য জুড়ে প্রতিবাদ বিক্ষোভের মধ্যেই বাড়ি বাড়ি স্মার্ট মিটার বসানোর কাজ আপাতত বন্ধ রাখার সিদ্ধান্ত বিদ্যুৎ দপ্তরের।

---

রাজ্য বিধানসভার অধিবেশনের দ্বিতীয় দিনে আজ অপারেশন সিন্দুরের সাফল্যে ভারতীয় সেনাবাহিনীকে ধন্যবাদ ও অভিনন্দন জানিয়ে একটি প্রস্তাব আনা হবে। ২ ঘণ্টা এই প্রস্তাব নিয়ে আলোচনা হওয়ার কথা। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই আলোচনায়

অংশ নিতে পারেন। বিজেপিও এতে যোগ দেবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন। পরবর্তী দু-দিন প্রশ্নোত্তর পর্ব, শূন্যকাল, উল্লেখ পর্বের পাশাপাশি বিধানসভার বিভিন্ন স্থায়ী কমিটির রিপোর্ট নিয়ে আলোচনা হবে।

জম্মু কাশ্মীরের পহেলগাঁওয়ে সন্ত্রাসবাদী হামলায় নিহত পর্যটক এবং সদ্য প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের প্রতি শোক জ্ঞাপনের পর গতকাল অধিবেশনের প্রথম দিনের অধিবেশন মুলতুবি হয়ে যায়।

শোক প্রস্তাবে মুর্শিদাবাদে সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে হিংসায় নিহত হরগোবিন্দ দাস ও তাঁর ছেলে চন্দন দাস এবং কাশ্মীরে শহীদ সেনা জওয়ান ঝন্টু আলি শেখের নাম না করায় সরব হয়েছে বিজেপি।

---------------------

চাকরিতে পুনর্বহালের দাবিতে এবার রাষ্ট্রপতিকে গণ চিঠি পাঠাবেন চাকরিহারা যোগ্য শিক্ষক-শিক্ষিকারা। আজ একযোগে ই-মেল করার পাশাপাশি আলাদাভাবে ডাকযোগেও রাষ্ট্রপতিকে চিঠি পাঠাবেন তাঁরা। 'যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চে'র আহ্বায়ক মেহবুব মন্ডল জানিয়েছেন, যোগ্যতার ভিত্তিতে পাওয়া চাকরি ফেরানো না হলে স্বেচ্ছামৃত্যুর অনুমতি দিতে হবে রাষ্ট্রপতিকে।

(বাইট - মেহেবুব মন্ডল)

অন্যদিকে, নতুন নিয়োগের ফর্ম ফিল-আপের সময় পিছনোর দাবিতে আগামী বৃহস্পতিবার SSC ভবন অভিযানের ডাক দিয়েছে এই সংগঠন। সুপ্রিম কোর্টে রিভিউ পিটিশনের ফলাফল না দেখে নিয়োগের আবেদনের প্রক্রিয়া চালু করা যাবে না বলে দাবি জানিয়েছেন তাঁরা।

---------------------

উত্তর দিনাজপুরের দারিভিটে গুলিবিদ্ধ হয়ে দুই প্রাক্তন ছাত্রের মৃত্যুর ঘটনায় এনআইএ তদন্তের অগ্রগতি নিয়ে উষ্মা প্রকাশ করেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি তপব্রত চক্রবর্তী এবং বিচারপতি ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চের পর্যবেক্ষণ ১৪ মাসেও তদন্তের অগ্রগতি আশানুরূপ নয়। ৯ই জুলাইয়ের মধ্যে তদন্তের অগ্রগতি সংক্রান্ত রিপোর্ট জমা দিতে এনআইএ-কে নির্দেশ দিয়েছে আদালত। ঐদিনই মামলার পরবর্তী শুনানি।

---------------------

দশ মাস অতিক্রান্ত হলে আরজি কর কান্ডে বিচার না মেলার অভিযোগে ফের পথে নামলো অভয়া মঞ্চ। গতকাল কলকাতার টালা থানার সামনে চিকিৎসক তরুনীর ধর্ষন ও খুনের ঘটনায় ন্যায়বিচারের দাবিতে বিক্ষোভ দেখান অভয়া মঞ্চের সদস্যরা।

সেখান থেকে তাঁরা আর জি কর হাসপাতালের দিকে মিছিল করে গেলে পুলিশ তাদের পথ আটকায়। বন্ধ করে দেওয়া হয় হাসপাতালের গেট। পুলিশ ও আন্দোলনকারীদের বাদানুবাদে উত্তপ্ত হয়ে ওঠে হাসপাতাল চত্বর।

---------------------

নদীয়ার কালিগঞ্জ বিধানসভা আসনের উপনির্বাচনে সবরকম প্রস্তুতি খতিয়ে দেখতে ওই কেন্দ্রে নিযুক্ত তিন পর্যবেক্ষকের সঙ্গে বৈঠক করেছে নির্বাচন কমিশন। ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে গতকালের ওই বৈঠকে উপস্থিত ছিলেন পুলিশ পর্যবেক্ষক ভূপেন্দ্র সাহু, সাধারণ পর্যবেক্ষক শেষমনি পান্ডে এবং ব্যয় পর্যবেক্ষক ডক্টর শশাঙ্ক ওঝা।

এদিকে, উপনির্বাচনের জন্য প্রতিদ্বন্দ্বীতার আসরে থাকা প্রার্থীদের প্রতিনিধির উপস্থিতিতে ইভিএম এবং VVPAT প্রস্তুতির কাজ গতকাল শুরু হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রের খবর।

---------------------

ভারত সরকারের উন্নয়ন পরিকল্পনায় গত এক দশকে পরিবেশ রক্ষার প্রতি অটুট অঙ্গীকার প্রকাশ পেয়েছে। ‘সেবা, সুশাসন ও গরিব কল্যাণ’-এর মূলমন্ত্রে পরিচালিত দেশ এখন উন্নয়নের সঙ্গে পরিবেশ সংরক্ষণের মিশেল ঘটিয়ে দৃষ্টান্ত স্থাপন করছে। নদী পুনরুজ্জীবন, বাস্তুতন্ত্র পুনর্গঠন, এবং প্রকৃতি বান্ধব পরিকাঠামো নির্মাণে ভারতের অগ্রগতি আন্তর্জাতিক পরিসরেও স্বীকৃত। আমাদের প্রতিনিধি কাশফিন নাহারের একটি প্রতিবেদন।

ভয়েস কাস্ট

সবুজ ভারত গঠনের এই যাত্রা এখন আর থামার নয়—এ গর্বের পথ, যা পরিবেশের সুরক্ষায় ভারতের নেতৃত্বকে আরও মজবুত করে তুলছে।

---------------------

এবারের **স্পটলাইট** এর বিষয় **স্থূলতা ও তার প্রতিকার**। আলোচনায় অংশ নিয়েছেন বিশিষ্ট পুষ্টিবিদ নন্দিতা দাস। তাঁর সঙ্গে কথা বলেছেন সন্দীপন দাশগুপ্ত।

দুই পর্বের অনুষ্ঠানটির প্রথম পর্ব প্রচারিত হবে আজ রাত সাড়ে আটটায় আকাশবাণীর সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

দ্বিতীয় পর্ব শোনা যাবে বৃহস্পতিবার **১২** ই জুন রাত সাড়ে আটটায় আকাশবাণীর সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

---------------------

দেশের বিভিন্ন অংশের সঙ্গে এরাজ্যেও কোভিড সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় তা নিয়ন্ত্রণে রাজ্য সরকার সবরকমের প্রস্তুতি নিচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। কোভিড মোকাবিলার প্রস্তুতি নিয়ে গতকাল নবান্নে এক উচ্চ-পর্যায়ের

বৈঠক তিনি বলেন, এই নিয়ে আতঙ্কের কোনো কারণ নেই। সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে সরকার হাসপাতালগুলিতে বেড, অক্সিজেন সহ সবরকম পরিকাঠামো প্রস্তুত রাখছে। যাদের অন্য কোনো জটিল রোগ আছে, তাদের বিশেষভাবে সচেতন থাকার পরামর্শ দেন মুখ্যমন্ত্রী।

এদিকে, রাজ্যে করোনা আক্রান্ত হয়ে আরও একজনের মৃত্যু হয়েছে। এই নিয়ে রাজ্যে কোভিড সংক্রমিত হয়ে দুজন প্রাণ হারালেন।

---------------------

স্মার্ট মিটারে বিদ্যুতের বিল বেশি আসার অভিযোগে প্রতিবাদ বিক্ষোভের মধ্যেই রাজ্য বিদ্যুৎ দপ্তর, বাড়ি বাড়ি এই মিটার বসানোর কাজ আপাতত বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। এক বিবৃতিতে গতকাল একথা দফতরের তরফে জানানো হয়।

উল্লেখ্য, বাণিজ্যিক প্রতিষ্ঠান , সরকারি অফিস, টেলি কমিউনিকেশন টাওয়ার প্রভৃতি জায়গায় সফলভাবে স্মার্ট মিটার লাগানোর পর রাজ্যের তিন - চারটি জেলায় কিছু সংখ্যক বাড়িতেও পরীক্ষামূলকভাবে তা বসানো হয়। কিন্তু এনিয়ে নানা মহলে অভিযোগ ওঠার প্রেক্ষিতেই এই সিদ্ধান্ত।

এদিকে, বিদ্যুৎ দপ্তরের এই সিদ্ধান্তকে তাদের আন্দোলনের 'আংশিক জয়' বলে অভিহিত করেছে গ্রাহকদের সংগঠন "অল বেঙ্গল ইলেকট্রিসিটি কনজ্যুমার্স অ্যাসোসিয়েশন - অ্যাবেকা । সংগঠনের রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য নারায়ন চন্দ্র নায়ক অবিলম্বে স্মার্ট প্রিপেড মিটার লাগানোর নির্দেশ সম্পূর্ণরূপে প্রত্যাহারের দাবি জানিয়েছেন।

---------------------

রাজ্যে সচিব স্তরে রদবদল হয়েছে। খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তরের সচিব স্মারকি মহাপাত্র পরিবেশ গবেষণা এবং জলাভূমি ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের অধিকর্তা হিসেবে নিযুক্ত হয়েছেন। এই পদের দায়িত্বে থাকা পি মোহনগান্ধী হয়েছেন পশ্চিমবঙ্গ খনিজ উন্নয়ন ও বাণিজ্যিক নিগমের চেয়ারম্যান ও এমডি। সেই সঙ্গে তিনি শিল্প দপ্তরের বিভাগীয়

সচিবের দায়িত্বও সামলাবেন। কমার্শিয়াল ট্যাক্সের কমিশনার দেবীপ্রসাদ কারানাম এলেন অর্থ দপ্তরের বিভাগীয় সচিব পদে। কৃষি দপ্তরের সিনিয়র স্পেশ্যাল সেক্রেটারি উমা শঙ্কর কমার্শিয়াল ট্যাক্সের নতুন কমিশনার হয়েছেন। পূর্ব মেদিনীপুরের অতিরিক্ত জেলাশাসক বৈভব চৌধুরিকে দিঘার জগন্নাথ ধাম ট্রাস্টের সিইও করা হয়েছে। এটি তাঁর অতিরিক্ত দায়িত্ব।

এদিকে, ব্যারাকপুরের নতুন পুলিশ কমিশনার হচ্ছেন মুরলিধর শর্মা। এই পদে থাকা অজয় ঠাকুর ডিআইজি সিআইডি হয়েছেন।

---------------------

কেন্দ্র ও রাজ্য সরকারের যৌথ সহযোগিতায় সামুদ্রিক মৎস্যজীবীদের দীর্ঘদিনের দাবি পূরণ হতে চলেছে। গভীর সমুদ্রে মাছ ধরতে যাওয়া ট্রলার গুলিতে বসানো হচ্ছে দ্বিমুখী সংকেত যন্ত্র। যার মাধ্যমে পাওয়া যাবে দেশের জলসীমা লঙ্ঘন সহ নানা সতর্কবার্তা।

একটি প্রতিবেদন।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লিতে নিজ বাসভবনে, বিদেশ সফর শেষে ভারতে ফেরা সর্বদলীয় প্রতিনিধি দলের সদস্যদের সঙ্গে সাক্ষাৎ করবেন। সসদস্যদের সফর সংক্রান্ত অভিজ্ঞতা শোনার পাশাপাশি তাদের সঙ্গে নৈশভোজেও যোগ দেবেন শ্রী মোদি। প্রতিনিধি দলের সদস্য বিজেপি সাংসদ শমীক ভট্টাচার্য এবং তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ও সেখানে উপস্থিত থাকবেন বলে জানা গেছে।

উল্লেখ্য, অপারেশন সিন্দুরের সাফল্য এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের আপোষহীন নীতির কথা বিশ্বমঞ্চে তুলে ধরতে ৭টি সংসদীয় প্রতিনিধি দল ৩০টিরও বেশি দেশ সফর করেছে।

--------------------- ---------------------